(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-৩
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০৪.১১.০১৩.২৩. ২৮৭ | তারিখ: ১৮ চৈত্র, ১৪৩০ / ০১ এপ্রিল, ২০২৪

# নিয়োগ আদেশ

পরিকল্পনা বিভাগের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীগণকে রাজস্ব খাতের অধীন **'অফিস সহায়ক'** পদে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ২০ নং গ্রেডে ৮২৫০-২০০১০/- টাকার বেতন স্কেলে সরকার কর্তৃক প্রদেয় প্রচলিত অন্যান্য ভাতাদিসহ ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে পরিকল্পনা বিভাগে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রঃ নং | রোল নং | প্রার্থীর নাম<br>পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | ১৫০০৬৭০৭ | জহিরুল ইসলাম<br>পিতা- আব্দুর রশিদ, মাতা- জুলেখা | গ্রাম- বিদ্যানন্দ, ডাকঘর- বিদ্যানন্দ, উপজেলা- ফুলবাড়িয়া, জেলা- ময়মনসিংহ |
| ০২ | ১৫০০২৯২৭ | মোঃ সাদ্দাম হোসেন<br>পিতা- মোঃ বাবুল হোসেন, মাতা- মোছাঃ কুলছুম খাতুন | গ্রাম- রোয়াকুলি, ডাকঘর- মুন্সীগঞ্জ, উপজেলা- আলমডাঙ্গা , জেলা- চুয়াডাঙ্গা |
| ০৩ | ১৫০০২৫৪৬ | মো: সাজ্জাদ মিয়া<br>পিতা- মো: আসাদুজ্জমান মিয়া, মাতা- সাজেদা বেগম | গ্রাম- উত্তর চাপাইন, ডাকঘর- সিআরপি, উপজেলা- সাভার, জেলা- ঢাকা |
| ০৪ | ১৫০০৬৫৭১ | মোঃ ফখরুল ইসলাম সরকার<br>পিতা- মোঃ বাচ্চু মিয়া, মাতা- মোসাঃ পরিজা বেগম | গ্রাম- চন্ডিপুর, ডাকঘর- অলুয়া, উপজেলা- ব্রাহ্মণপাড়া, জেলা- কুমিল্লা |
| ০৫ | ১৫০০৪১৬৮ | চন্দন কুমার রায়<br>পিতা- রতিকান্ত রায়, মাতা- যশোদা রানী | গ্রাম- মল্লিকাদহ অধিকারী পাড়া, ডাকঘর- মল্লিকাদহ, উপজেলা- দেবীগঞ্জ, জেলা- পঞ্চগড় |
| ০৬ | ১৫০০৩৮৮৮ | মোঃ সেলিম হোসেন<br>পিতা- মোঃ আতাউর রহমান, মাতা- আনজুয়ারা বেগম | গ্রাম- মেরীগাছা, ডাকঘর- লক্ষ্মীচামারী, উপজেলা- বড়াইগ্রাম, জেলা- নাটোর |
| ০৭ | ১৫০০৩৪৫৫ | মোঃ আমান উল্লাহ<br>পিতা- মো: মিয়াজুদ্দীন, মাতা- রাশিদা বেগম | গ্রাম- উচিতপুরা, ডাকঘর- শম্ভুপুরা, উপজেলা- আড়াইহাজার, জেলা- নারায়ণগঞ্জ |
| ০৮ | ১৫০০৩৫৮৩ | সাইদুল ইসলাম<br>পিতা- আবদুল কাদের সরকার, মাতা- মনোয়ারা বেগম | গ্রাম- কাজিয়াতল, ডাকঘর- কাজিয়াতল, উপজেলা- মুরাদনগর, জেলা- কুমিল্লা |
| ০৯ | ১৫০০৩২৪২ | মোঃ মাহফুজুর রহমান<br>পিতা- মোঃ শাহ আলম, মাতা- সকিনা বেগম | গ্রাম- বেতিয়াপাড়া, ডাকঘর- কাশিপুর মাদ্রাসা, উপজেলা- মনোহরগঞ্জ, জেলা- কুমিল্লা |
| ১০ | ১৫০০২৯১৩ | সুরুজ্জামান<br>পিতা- মোবাক্কারুল ইসলাম, মাতা- জামিরন নেছা | গ্রাম- সদরা তালুক, ডাকঘর- ভায়ারহাট, উপজেলা- কাউনিয়া, জেলা- রংপুর |
| ১১ | ১৫০০৪৩৯৭ | আল হাফসা আক্তার<br>পিতা- লিয়াকত আহমেদ, মাতা- শিউলী আহমেদ | গ্রাম/সড়ক- পুরাতন বাসস্ট্যান্ড, উপজেলা- আলমডাঙ্গা, জেলা- চুয়াডাঙ্গা |
| ১২ | ১৫০০১২৩০ | হেলেনা খাতুন<br>পিতা- মোঃ নাজিম উদ্দিন, মাতা- আয়েশা খাতুন | গ্রাম- লক্ষণবাড়িয়া, ডাকঘর- সালামপুর, উপজেলা- লালপুর, জেলা- নাটোর |
| ১৩ | ১৫০০১৫৬০ | জান্নাতুল ফেরদৌসি<br>পিতা- মোঃ জালাল উদ্দিন, মাতা- মোছাঃ ছফুরা বেগম | গ্রাম- ছনকান্দা, ডাকঘর- ছনকান্দা, উপজেলা- শেরপুর সদর, জেলা- শেরপুর |
| ১৪ | ১৫০০৫৪৯৬ | হাবিবুর রহমান<br>পিতা- মোক্তার হোসেন, মাতা- রহিমা বেগম | গ্রাম- সড়াতৈল, ডাকঘর- সড়াতৈল, উপজেলা- বেলকুচি, জেলা- সিরাজগঞ্জ |
| ১৫ | ১৫০০৩৩০৩ | মোঃ সোহানুর রহমান<br>পিতা- মোঃ মান্নাফ বিশ্বাস, মাতা- খাদিজা বেগম | গ্রাম- বরিশাট, ডাকঘর- বরিশাট, উপজেলা- শ্রীপুর, জেলা- মাগুরা |
| ১৬ | ১৫০০৫৮৫৬ | রায়হান মিয়া<br>পিতা- মোঃ সামছুল হক, মাতা- মোছাঃ মাজেদা খাতুন | গ্রাম- সাউদপাড়া, ডাকঘর- সাউদপাড়া, উপজেলা- মধ্যনগর, জেলা- সুনামগঞ্জ |
| ১৭ | ১৫০০২৮৯৩ | শেখ মোহাম্মাদ ইয়াছিন আরাফাত<br>পিতা- মোঃ পাষান আলী, মাতা- মোছাঃ হাসিনা বেগম | গ্রাম- সাহেবগঞ্জ, ডাকঘর- সাহেবগঞ্জ, উপজেলা- রংপুর সদর, জেলা- রংপুর |

০২। **নিয়োগের শর্তাবলি:**

(ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২ (দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে;

(খ) শিক্ষানবিসকালে আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এ নিয়োগ একমাসের নোটিশ দ্বারা বাতিল করতে পারবে। যোগদানের পর নিয়োগপ্রাপ্ত প্রার্থী চাকরি পরিত্যাগ করতে চাইলে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে অথবা ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে চালানমূলে জমা প্রদান করতে হবে;

(গ) পুলিশ তদন্তে চারিত্রিক ও প্রাক-পরিচিতি প্রতিবেদন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে অপসারণ করা হবে;

(ঘ) বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;

(ঙ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র গ্রহণপূর্বক এ বিভাগে জমা প্রদান করতে হবে;

(চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে যে কোন সরকারি হাসপাতাল থেকে নিজ ব্যবস্থাপনায় 'ডোপ টেস্ট' করতে হবে। ডোপ টেস্ট প্রতিবেদনে বিরূপ (মাদকাসক্ত বা এরূপ কোন নেশাগ্রস্থতার প্রমাণ) ফলাফল পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ছ) এ নিয়োগ আদেশ প্রাপ্তির পর নিজ জেলার সিভিল সার্জনের নিকট উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষা এবং ডোপ টেষ্ট প্রতিবেদনের মূলকপি যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে;

(জ) চাকরিতে যোগদানের সময় জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে;

(ঝ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) এ চাকরিতে যোগদানের জন্য কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।

০৩। অনুচ্ছেদ ০২ এ বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য হলে, নিয়োগপ্রাপ্ত প্রার্থী আগামী ০২ মে, ২০২৪ তারিখ সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে যোগদান পত্র দাখিল করবেন। নির্ধারিত তারিখে অফিস চলাকালীন যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে আগ্রহী/সম্মত নন বলে বিবেচিত হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

Ferdousi
০১/০৪/২০২৪
(সামিহা ফেরদৌসী)
উপসচিব
ফোনঃ ৯১৮০৮৪৬

নং- ২০.০০.০০০০.৩০৪.১১.০১৩.২৩. ২৮৭

তারিখ: ১৮ চৈত্র, ১৪৩০
০১ এপ্রিল, ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) যুগ্ম-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬) মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭) সিভিল সার্জন, ..................... জেলা (সরকারি চাকরিতে যোগদানের ক্ষেত্রে স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১) হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১২) জনাব/বেগম..........................................................................................................
১৩) সংশ্লিষ্ট নথি।

Ferdousi
০১/০৪/২০২৪
(সামিহা ফেরদৌসী)
উপসচিব